18 APR 2016

দৈনিক ইত্তেফাক

# জবিতে 'জয়তু বঙ্গবন্ধু' বইয়ের মোড়ক উন্মোচন

■ জবি সংবাদদাতা

মুজিবনগর দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৬তম জন্মবার্ষিকী স্মরণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নীলদল কর্তৃক প্রকাশিত 'জয়তু বঙ্গবন্ধু' বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে। গতকাল দুপুরে উপাচার্যের সভা কক্ষে উক্ত অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, 'জয়তু বঙ্গবন্ধু' বইটিতে জাতীয় অধ্যাপক সালাহউদ্দীন আহমদ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমানসহ বিভিন্ন লেখকের ১৯টি প্রবন্ধ ও বঙ্গবন্ধুকে নিয়ে সাতটি কবিতা রয়েছে।